

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি বিপণন অধিদপ্তর  
খামারবাড়ি, ফার্মগেট  
ঢাকা-১২১৫।

[www.dam.gov.bd](http://www.dam.gov.bd)

স্মারক নং- ১২.০২.০০০০.০১৫.২৬.০১৩-১১


তারিখঃ ০১-০২-২০১৫

**বিষয়ঃ প্রজ্ঞাপিত বাজারে মানসম্মত ওজন ও পরিমাপক যন্ত্র ব্যবহার নিশ্চিতকরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কৃষিণ্য বাজার নিয়ন্ত্রণ আইন ১৯৬৪ (সংশোধিত-১৯৮৫) এর ধারা ১৫ এর উপধারা (১) (২) ও (৩) মোতাবেক বাজার উপদেষ্টা কমিটি প্রতিটি প্রজ্ঞাপিত বাজারে এক সেট মানসম্মত ওজন ও পরিমাপক সংরক্ষণ করিবে এবং উক্ত ওজন ও পরিমাপকের সাহায্যে ক্রেতা বিক্রেতা বিনা খরচে তাদের পণ্যের ওজন যাচাই করতে পারবেন। প্রজ্ঞাপিত বাজার ঘোষনার পর কোন ব্যক্তি সাব-সেকশন (১) এ বর্ণিত ওজন ও পরিমাপক ব্যতীত অন্য কোন ওজন ও পরিমাপক ঐ বাজারে ব্যবহার করতে পারবে না। এ সকল ওজন ও পরিমাপক প্রজ্ঞাপিত বাজারে সঠিকভাবে ব্যবহার হচ্ছে কিনা তা বাজার উপদেষ্টা কমিটির সদস্যগণ ও কৃষি বিপণন অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ সময়ে সময়ে যাচাই করিবেন। কোন ব্যক্তি প্রজ্ঞাপিত বাজারে মানসম্মত ওজন ও পরিমাপক ব্যবহার না করলে ধারা ১৭ মোতাবেক ১০০.০০ (একশত টাকা মাত্র) জরিমানা এবং ২ মাস বিনাশ্রম শাস্তির বিধান রয়েছে।

২। বাস্তবিক অর্থে দেখা যায়, প্রজ্ঞাপিত বাজারসমূহে ক্রেতা হিসাবে ব্যবসায়ীরা কৃষকগণকে এবং বিক্রেতাগণ ক্রেতা/ভোক্তাকে ওজনে কারচুপির মাধ্যমে ঠকিয়ে থাকেন। ক্রেতা/ভোক্তার স্বার্থ রক্ষার জন্য প্রতিটি প্রজ্ঞাপিত বাজারে এক সেট মানসম্মত ওজন ও পরিমাপক সংরক্ষণের নির্দেশনা থাকলেও জানা যায় আপনার জেলার বাজার সমূহে ওজন ও পরিমাপক সংরক্ষণ ও তা কার্যকর করার সম্বন্ধিত কোন উদ্যোগ গ্রহণ করা হয় নাই। যার কারণে কৃষক/ভোক্তা প্রতিনিয়ত ওজন কারচুপির মাধ্যমে ক্ষতিগ্রস্ত হচ্ছেন। ইতোপূর্বে শস্যবহুমুখীকরণ প্রকল্পের আওতায় এক সেট মানসম্মত ওজন ও পরিমাপক প্রতিটি জেলায় সরবরাহ করা হলেও তার সঠিক বাস্তবায়ন সংক্রান্ত কোন প্রতিবেদন পাওয়া যায়নি।

৪। সার্বিক অবস্থার প্রেক্ষিতে কৃষক/ভোক্তার স্বার্থ রক্ষার্থে অনতিবিলম্বে সকল জেলার সদর বাজারে ০১ (এক) সেট মানসম্মত ওজন ও পরিমাপক সংরক্ষণ ও বাজার কমিটির সহায়তায় তা কার্যকর করার উদ্যোগ গ্রহণ করার নির্দেশ প্রদান করা হলো এবং প্রতি মাসে এতদসংক্রান্ত বাস্তবায়ন প্রতিবেদন সদর দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।



(মোঃ মাহবুব আহমেদ)

যুগ্ম সচিব

ও

পরিচালক

ফোনঃ ৯১১৪৩১০

Email: [director@dam.gov.bd](mailto:director@dam.gov.bd)

**বিতরণঃ**

১। জেলা বাজার কর্মকর্তা/জেলা বাজার অনুসন্ধানকারী .....

**অনুলিপিঃ (কার্যার্থে ও জ্ঞাতার্থে)**

১। উপ পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা / চট্টগ্রাম/রাজশাহী/খুলনা বিভাগ।

২। ICTসেল, কৃষি বিপণন অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।